

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওমরার উদ্দেশ্যে রওয়ানা (خروج إلى العمرة)

৬ ঠ হিজরীর ১লা যুলকা'দাহ সোমবার তিনি ১৪০০ (মতান্তরে ১৫০০) সাথী নিয়ে মদীনা হ'তে রওয়ানা হন (বুখারী হা/৪১৫৩)। লটারিতে এবার তাঁর সফরসঙ্গী হন উম্মুল মুমেনীন হযরত উদ্মে সালামাহ (রাঃ)। ওমরাহর সফরে নিয়মানুযায়ী কোষবদ্ধ তরবারি এবং মুসাফিরের হালকা অস্ত্র ব্যতীত অন্য কোন অস্ত্র তাঁদের নিকটে রইল না। অতঃপর মদীনা থেকে অনতিদূরে যুল-হুলায়ফা পোঁছে তাঁরা ওমরাহর ইহরাম বাঁধেন। অতঃপর ৭০টি উটের গলায় হার পরালেন এবং উটের পিঠের কুঁজের উপরে সামান্য কেটে রক্তপাত করে কুরবানীর জন্য চিহ্নিত করলেন। আবু কাতাদাহ আনছারী (রাঃ)-সহ অনেক ছাহাবী মুহরিম ছিলেন না। মুসলমানদের মিত্র বনু খোযা'আ গোত্রের বিশর বিন সুফিয়ান আল-কা'বী(﴿وَالْمُوَالُولُ الْكُوْبِيُّ الْكُوْبُيُّ الْكُوْبُيُّ الْكَالْمِيْ الْكُوْبُيُّ الْكَالْمِيْ الْكَالْمُ الْمُعَلِّمِة (ছাঃ) মক্কা থেকে ৮০ কি. মি. দূরে 'ওসফান' পাঠিয়েছিলেন কুরায়েশদের গতিবিধি জানার জন্য। অতঃপর রাসূল (ছাঃ) মক্কা থেকে ৮০ কি. মি. দূরে 'ওসফান' এন্টিল উক্ত গোয়েন্দা এসে রাসূল (ছাঃ)-কে খবর দেন যে, কুরায়েশরা ওমরাহতে বাধা দেওয়ার জন্য যুদ্ধের প্রস্তুতি নিয়েছে। এজন্য তারা তাদের মিত্র বেদুঙ্গন গোত্র সমূহকে সংঘবদ্ধ করেছে। তারা আপনার সফরের কথা শুনেছে এবং যুদ্ধ সাজে সজ্জিত অবস্থায় যু-তুওয়া(وَالَّمُ وَالْمُولِيُنِ الْكَالْمِ الْلَالْمُ الْمُلْمِ الْمُ الْمُلْمِيْنُ الْمُعَلِّمِ الْمُعَلِّمِ الْمُعَلِّمِ الْمَعْمَا الْمُعْلَّمُ الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلَمُ الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلَمُ الْمُعْلَّمُ الْمُعْلَّمُ الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلِمُ الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلَى الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلَّمُ الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلَّمِ الْمُعْلَّمُ الْمُعْلَّمِ الْمُعْلَمُ الْمُعْلَّمِ الْمُعْلَّمُ الْمُعْلَّمُ الْمُعْلَّمُ الْمُعْلَمُ الْمُعْلَّمُ الْمُعْلَّمُ الْمُعْلَّمُ الْمُعْلَى الْمُعْلَّمُ الْمُعْلَّمُ الْمُعْلَّمُ الْمُعْلَّمُ الْمُعْلَّمُ الْمُعْلَّمِ الْمُعْلَّمُ الْمُعْلَّمِ الْمُعْلَّمُ الْمُعْلَّمُ الْمُعْلَمُ الْمُعْلَّمُ الْمُعْلَّمِ الْمُعْلَّمُ الْمُعْلَّمُ الْمُعْلَمُ الْمُعْلَمُ الْمُعْلَمُ الْمُعْلَمُ الْمُعْلَمُ الْمُعْلَمُ

يَا وَيْحَ قُرَيْشٍ لَقَدْ أَكَلَتْهُمُ الْحَرْبُ مَاذَا عَلَيْهِمْ لَوْ خَلَوْا بَيْنِى وَبَيْنَ سَائِرِ النَّاسِ فَإِنْ أَصَابُونِى كَانَ الَّذِى أَرَادُوا وَإِنْ أَظْهَرَنِى اللهُ عَلَيْهِمْ دَخَلُوا فِى الإِسْلاَمِ وَهُمْ وَافِرُونَ وَإِنْ لَمْ يَفْعَلُوا قَاتَلُوا وَبِهِمْ قُوَّةٌ فَمَاذَا تَظُنُّ قُرَيْشٌ وَاللهِ لاَ أَزَالُ أُجَاهِدُهُمُ عَلَى الَّذِى بَعَتَنِى اللهُ لَهُ حَتَّى يُظْهِرَهُ اللهُ أَوْ تَنْفَرِدَ هَذِهِ السَّالِفَةُ لَ رواه احمد

'হায় দুর্ভোগ কুরায়েশদের জন্য! যুদ্ধ তাদের খেয়ে ফেলেছে। যদি তারা আমার ও অন্যদের মধ্য থেকে সরে দাঁড়াত, তাহ'লে তাদের কি সমস্যা ছিল? যদি তারা আমার ক্ষতি সাধন করতে পারে, তবে সেটি তাদের আশানুরূপ হবে। আর যদি আল্লাহ আমাকে তাদের উপর বিজয়ী করেন, তাহ'লে তারা ইসলামে প্রবেশ করবে পুরোপুরি লাভবান অবস্থায়। আর যদি ইসলাম কবুল না করে, তাহ'লে তারা যুদ্ধ চালিয়ে যাবে যতক্ষণ তাদের শক্তি থাকবে। সুতরাং কুরায়েশরা কী ধারণা করে? আল্লাহর কসম! আমি তাদের বিরুদ্ধে সেই দ্বীনের উপর যুদ্ধ চালিয়ে যাব, যার জন্য আল্লাহ আমাকে পাঠিয়েছেন। যতক্ষণ না আল্লাহ তাকে বিজয়ী করেন অথবা এই ক্ষুদ্র দল নিশ্চিন্থ হয়ে যায়'।[1] রাসূল (ছাঃ)-এর উক্ত বক্তব্যে তাঁর শান্তিবাদী নীতি ফুটে উঠে।

## ফুটনোট

[1]. আহমাদ হা/১৮৯৩০; আলবানী, ফিরুহুস সীরাহ ৩১৮ পৃঃ, সনদ ছহীহ।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=5516

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন